


# পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা এবং কোভিড-১৯ প্রতিরোধ

## শ্রমিকদের মধ্যে কোভিড-১৯ প্রতিরোধ বিষয়ক সচেতনতা গড়ে তোলা



### প্রশিক্ষণের সারসংক্ষেপ

প্রযুক্তি-প্রশিক্ষণ পরিষেবা প্রদানকারী প্রতিষ্ঠান কুইজারের সাথে মিলে ইটিআই ২০টি কারখানার শ্রমিকদের মধ্যে পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক সচেতনতা গড়ে তোলার একটি উদ্যোগ গ্রহণ করেছে এবং বাস্তবায়নের ব্যবস্থা করেছে। ট্যাবলেট-নির্ভর এই প্রশিক্ষণ বাংলাদেশে ইটিআই-এর কোভিড-১৯ প্রতিরোধ বিষয়ক বিস্তৃত প্রকল্পের একটি অবিচ্ছেদ্য অংশ।

এই প্রশিক্ষণের ডিজিটাল কর্মপদ্ধতি শুধু কুইজার এর কাছ থেকে একটি ব্যবহারকারীর লাইসেন্স সংগ্রহ করার মাধ্যমে পাওয়া যায় । তবে ইটিআই সদস্য এবং তাদের সরবরাহকারীরা সচেতনতা গড়ে তোলার অন্যান্য উদ্যোগের অংশ হিসেবে ব্যবহারের জন্য ইটিআই-এর কোভিড-১৯ প্রতিরোধ বিষয়ক ওয়েবপেইজে দেয়া লিঙ্ক ব্যবহার করে কুইজার-এর ডিজিটাল প্লাটফর্মের মাধ্যমে এই প্রশিক্ষণ উপকরণগুলো ব্যবহার করতে পারবেন।

এই প্রশিক্ষণের মধ্যে লাইভ অ্যাকশন ও অ্যানিমেশন ফিল্ম এবং কুইজের প্রশ্ন অন্তর্ভুক্ত রয়েছে, যেগুলোর লক্ষ্য হলো কর্মস্থলে স্বাস্থ্য ও নিরাপত্তার পাশাপাশি অধিকার ও দায়িত্বসমূহ, এবং কার্যকর থাকা ব্যবস্থাগুলো সম্পর্কে সুস্পষ্ট লৈঙ্গিক সমতা বিবেচনায় রেখে সচেতনতা বৃদ্ধি করা।

**প্রশিক্ষণটি তিনটি মডিউলে বিভক্ত:**

- স্বাস্থ্য ও নিরাপত্তা
- অগ্নিকাণ্ড ও ভবনের নিরাপত্তা
- কোভিড-১৯ প্রতিরোধ (বিশ্ব স্বাস্থ্য সংস্থা থেকে প্রাপ্ত তথ্য সহ)।

### স্বাস্থ্য ও নিরাপত্তা

এই মডিউল ব্যবহারকারীদেরকে নিরাপদ কর্মস্থল সম্পর্কে ব্যবহারিক তথ্য প্রদান করে। যেমন: কোন ধরনের ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (পিপিই) ব্যবহার করা উচিত; পর্যাপ্ত বিরতি না নিয়ে কাজ করতে থাকার সাথে সম্পর্কিত স্বাস্থ্য ঝুঁকিগুলো কী কী। তথ্যগুলোকে কর্মস্থলে সাধারণভাবে দেখতে পাওয়া দৃশ্যগুলো দিয়ে উপস্থাপন করার মাধ্যমে এই মডিউল ব্যবহারকারীদেরকে কারখানার শ্রমিকদের ঝুঁকিসমূহ অনুধাবন ও শনাক্ত করতে সহায়তা করে। এছাড়াও এটি উন্নত পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা (ওএইচএস) বজায় রাখার ক্ষেত্রে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের ভূমিকার উপর জোর দেয়।

### অগ্নিকাণ্ড ও ভবনের নিরাপত্তা

এই মডিউল ব্যবহারকারীদের জীবন রক্ষা করতে পারে এমন গুরুত্বপূর্ণ তথ্য ব্যবহারকারীদের জানিয়ে দেয়ার মাধ্যমে কোনো জরুরি পরিস্থিতিতে কিভাবে ভবন থেকে বের হয়ে যেতে হবে সে সংক্রান্ত প্রাথমিক জ্ঞান প্রদান করে। এছাড়াও এতে নিয়মিত অগ্নিনির্বাপণ মহড়ার প্রয়োজনীয়তা, জরুরি নির্গমন পথ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি ও সেটির রক্ষণাবেক্ষণ, এবং অগ্নি ও ভবনের নিরাপত্তা নিশ্চিত করার জন্য আবশ্যক বাধ্যতামূলক প্রশিক্ষণ সম্পর্কিত তথ্য অন্তর্ভুক্ত রয়েছে।

### কোভিড-১৯

এই মডিউলে মহামারীর সময়ে শ্রমিকদের নিরাপদ থাকতে সাহায্য করার জন্য সুস্থতা ও স্বাস্থ্যবিধির অনুশীলনগুলো সম্পর্কিত তথ্য সহ ভাইরাস সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্য অন্তর্ভুক্ত করা হয়েছে। এই মডিউলে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও) এবং আন্তর্জাতিক অভিবাসন সংস্থার (আইওএম) প্রস্তুতকৃত উপকরণগুলো ব্যবহার করা হয়েছে। বিষয়বস্তুর গুরুত্বের সাথে আপোষ না করে প্রাসঙ্গিক ও মজার ভিজ্যুয়াল অ্যানিমেশনের মাধ্যমে শ্রমিকদের মনোযোগ ধরে রাখার জন্য প্রশিক্ষণের সব বিষয়বস্তু তৈরি করা হয়েছে। কম লেখাপড়া জানা অংশগ্রহণকারীদের সুবিধার জন্য বাংলা ভাষায় লিখিত নির্দেশনার সাথে সম্পূরক হিসেবে ব্যবহারকারীদের জন্য অডিও ভয়েসওভার অন্তর্ভুক্ত করা হয়েছে।





একেবারে বামে: সচেতনাতামূলক প্রশিক্ষণে ব্যবহারের জন্য ইটিআই ও কুইজারের তৈরি চরিত্রসমূহ

বামে: কুইজারের ওএইচএস এ্যাপ ডাউনলোড করার কিউআর কোড প্রচারের জন্য ইটিআই কর্তৃক প্রকশিত স্টিকার

### বাস্তবায়ন পদ্ধতি

ব্যবহারকারীর মতামত এবং সুনির্দিষ্ট কারখানার জন্য ড্যাশবোর্ডে অগ্রগতির রিপোর্টসহ অব্যাহত কারিগরি সহায়তার সাথে সাথে ট্যাবলেটে আগে থেকে লোড করে রাখা ডিজিটাল প্রশিক্ষণের কর্মপদ্ধতি শুধু কুইজার এর কাছ থেকে একটি ব্যবহারকারী লাইসেন্স সংগ্রহ করার মাধ্যমে পাওয়া যাবে। তবে, এই পদক্ষেপের অংশ হিসেবে ডিজাইনকৃত উপকরণগুলো - অ্যানিমেশন ও কুইজের প্রশ্নসমূহ - সশরীরে বা ভার্চুয়াল প্রশিক্ষণের পাশাপাশি দলগত প্রশিক্ষণের ক্ষেত্রেও ব্যবহার করা যাবে।

**ইটিআই-এর পরামর্শ হলো:**

- সামাজিক দূরত্ব বজায় রাখা নিশ্চিত করতে এবং আলোচনা ও সামাজিক মিথষ্ক্রিয়ার মাধ্যমে শিক্ষাগ্রহণের জন্য উৎসাহিত করতে দলে তিনজনের বেশি অংশগ্রহণকারী না রাখা।
- প্রশিক্ষণের জন্য কারখানাগুলোর প্রশিক্ষণ এবং অথবা কনফারেন্স কক্ষ ব্যবহার করা, কারণ এসব কক্ষ সাধারণত আকারে বড় হয় এবং পর্যাপ্ত দূরত্ব বজায় রাখা নিশ্চিত করে একই সময়ে তিনজন অংশগ্রহণকারী নিয়ে তৈরি করা তিনটি দলের বসার ব্যবস্থা করা যায়।
- প্রশিক্ষণের সময় কক্ষের মধ্যে কোভিড-১৯ প্রতিরোধ বিষয়ক আচরণ পরিবর্তন সংক্রান্ত যোগাযোগের বার্তাগুলো প্রদর্শন করা।
- প্রশিক্ষণ সহায়করা প্রতিটি মডিউলের ক্ষেত্রে পাঁচ থেকে সাত মিনিট ধরে প্রাসঙ্গিক অ্যানিমেশন ভিডিও চালাবেন, এরপর ডাউনলোডের জন্য লভ্য কুইজ-ভিত্তিক প্রশ্নগুলো শেয়ার করা হবে। উত্তর দেয়ার আগে (যেমন লিখিতভাবে) প্রত্যেক দলের মধ্যে একটি সংক্ষিপ্ত আলোচনা সম্পন্ন করা উচিত।

**২০২২ সালের মে মাস পর্যন্ত আপনি আপনার অ্যান্ড্রয়েড স্মার্ট ফোনেও ডিজিটাল সচেতনতা বৃদ্ধির পুরো প্রশিক্ষণটি সম্পন্ন করতে পারবেন। আপনাকে শুধু গুগল প্লে থেকে কুইজার ওএইচএস অ্যাপটি ডাউনলোড করতে হবে অথবা কিউআর কোড স্ক্যান করতে হবে।**

[1] আরো তথ্যের জন্য অনুগ্রহ করে hello@quizrr.se ইমেইল ঠিকানায় কুইজার-এর সাথে যোগাযোগ করুন

**বাংলাদেশের তৈরি পোশাক কারখানার জন্য ইটিআই-এর কোভিড-১৯ বিষয়ক শিখন উপকরণসমূহ**

এই নির্দেশিকা এবং এতে উল্লিখিত প্রশিক্ষণ মডিউলটি যুক্তরাজ্যের ফরেন, কমনওয়েলথ এন্ড ডেভেলপমেন্ট অফিস (এফসিডিও)-এর অর্থায়নে ভালনারেবল সাপ্লাই চেইনস ফ্যাসিলিটি (ভিএসসিএফ) নামক উদ্যোগের অধীনে তৈরি করা হয়েছে। কোভিড-১৯ এর ব্যাপারে দ্রুত সাড়াদানের এই উদ্যোগটি ব্যবস্থাপনা করছে মট ম্যাকডোনাল্ড লিমিটেড। এই ফ্যাসিলিটি বাংলাদেশ, ইথিওপিয়া, ঘানা, কেনিয়া, মিয়ানমার, তাঞ্জানিয়া, ও জিম্বাবুয়ের ১০০ এরও বেশি সরবরাহকারীকে সহায়তাকারী যুক্তরাজ্যের এবং আন্তর্জাতিক ২০টি খুচরা বিক্রেতা ও ব্র্যান্ড, এবং সাতটি অলাভজনক সংস্থার সাথে অংশীদারিত্ব গড়ে তুলেছে। এটি প্রত্যক্ষ ও পরোক্ষভাবে প্রায় দশ লাখ নারী ও পুরুষকে অর্থনৈতিক, সামাজিক, স্বাস্থ্যগত সুবিধা প্রদান করবে।